

// ২৬ নভেম্বর পাবনায় গণিত অলিম্পিয়াড

■ পাবনা অফিস

আগামী ২৬ নভেম্বর বৃহস্পতিবার রাজশাহী ও রংপুর বিভাগের ৫টি বিশ্ববিদ্যালয়সহ ৪০টি কলেজের ৫ শতাধিক শিক্ষার্থীর গণিত বিষয়ে প্রতিযোগিতামূলক অনুষ্ঠান, সপ্তম গণিত অলিম্পিয়াড পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে।

সপ্তম রাজশাহী অঞ্চলিক স্নাতক গণিত অলিম্পিয়াড ২০১৫-এর সদস্য সচিব ও পাবিগ্রবি গণিত বিভাগের চেয়ারম্যান রাজেন্দ্র চন্দ্র ভৌমিক জানান, দেশীয় ও আন্তর্জাতিক অঙ্গনে গণিত ও বিজ্ঞান শিক্ষার প্রচার, প্রসার ও উৎকর্ষ সাধনের লক্ষ্যে বাংলাদেশ গণিত সমিতির উদ্যোগে দেশব্যাপী এ আয়োজন হচ্ছে। এ আয়োজনের প্রধান পৃষ্ঠপোষক বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর, প্রফেসর ড. আল-নকীব চৌধুরী। পৃষ্ঠপোষক বিশ্ববিদ্যালয়ের রিজেন্ট বোর্ড সদস্য স্তয়ার টমলেট্রিজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক অঞ্জন চৌধুরী পিন্টু। অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের সদস্য প্রফেসর ড. আবদুল জাকার খান, বিশেষ অতিথি থাকবেন প্রথিতযশা গণিতবিদ ইউজিসি প্রফেসর ড. সুরত মজুমদার। অনুষ্ঠানের প্রথম পর্বের শুভ উদ্বোধন ও দ্বিতীয় পর্বে সভাপতিত্ব করবেন পাবিগ্রবি ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. আল-নকীব চৌধুরী। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রত্যেক শিক্ষার্থীকে দেওয়া হবে সার্টিফিকেট অব পার্টসিপেশন, টি-শার্ট, ফোল্ডার, প্যাড, পেন, লাঞ্চ প্যাকেট ও এক কপি সার্ভেনির। প্রতিযোগিতা শেষে সব প্রতিযোগীর জন্য থাকবে সমগ্র দেশ থেকে আসা বিশিষ্ট গণিতবিদদের অংশগ্রহণে একটি সাধারণ আলোচনা ও প্রমোডের পর্ব। দিনর্যাপী এই প্রতিযোগিতায় সকাল ৯টা থেকে রেজিস্ট্রেশন শুরু হবে।

এ অনুষ্ঠানের মিডিয়া পার্টনার দৈনিক সমকাল এবং মাহরাঙা টেলিভিশন। পাবনার অন্যতম শিল্প প্রতিষ্ঠান ইউনিভার্সাল গ্রুপ এই প্রতিযোগিতার পৃষ্ঠপোষকতা করছে।